

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
মধ্যপ্রাচ্য-৩ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি



আজ ২৩ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ বাংলাদেশ সরকার ও কুয়েত ফান্ড ফর আরব ইকনোমিক ডেভেলপমেন্ট-এর মধ্যে “Improvement of Urban Roads in North Dhaka City Project” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ১০.০০ (দশ) মিলিয়ন কুয়েতি দিনার (সমপরিমাণ ৩৪.০০ মিলিয়ন মার্কিন ডলার / ২৭৯.৫১ কোটি টাকা)-এর একটি ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং কুয়েত ফান্ডের পক্ষে এর উপ-মহাপরিচালক জনাব হামাদ আল-ওমর উক্ত ঋণচুক্তিটি স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকার এবং কুয়েত ফান্ডের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধীনে মিরপুর, মোহাম্মদপুর, আগারগাঁও এবং ভাষানটেকএলাকার রাস্তাঘাট উন্নয়নের মাধ্যমে দুর্ঘটনা ও যানজট কমানো, ফুটপাথ ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন এবং সড়ক বাতি স্থাপনের মাধ্যমে উক্ত এলাকাসীমার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা।

প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৭.৭৪ মিলিয়ন মার্কিন ডলার (৩১০.২৬ কোটি টাকা)। এর মধ্যে কুয়েত ফান্ড ৩৪.০০ মিলিয়ন মার্কিন ডলার (২৭৯.৫১ কোটি টাকা) এবং অবশিষ্ট ৩.৭৪ মিলিয়ন মার্কিন ডলার (৩০.৭৫ কোটি টাকা) বাংলাদেশ সরকার যোগান দিবে। কুয়েত ফান্ড কর্তৃক প্রদেয় ঋণ ৫ (পাঁচ) বছরের গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধ করা হবে যার বার্ষিক সুদের হার ১.৫% এবং সার্ভিস চার্জ ০.৫%।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন প্রকল্পটি বাস্তবায়ন করবে। প্রকল্পটি জুলাই, ২০১৫ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়ন করা হবে।

কুয়েত ফান্ড বাংলাদেশের দীর্ঘ দিনের উন্নয়ন সহযোগী এবং ১৯৭৪ সাল থেকে বাংলাদেশকে আর্থিক সহায়তা প্রদান করে আসছে। কুয়েত ফান্ড সাধারণত অনুদান এবং ঋণ আকারে বাংলাদেশকে আর্থিক সহায়তা প্রদান করে থাকে। কুয়েত ফান্ড কর্তৃক প্রদেয় আর্থিক সহযোগিতার মাধ্যমে বাংলাদেশের বহু উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হয়েছে। কুয়েত ফান্ড মূলত বিদ্যুৎ, সড়ক ইত্যাদি খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে। উল্লিখিত চুক্তি স্বাক্ষরের পর উভয় পক্ষ আশাবাদ ব্যক্ত করে যে, ভ্রাতৃপ্রতিম দু'দেশের মধ্যে সকল ক্ষেত্রে সহযোগিতা আরও সুদৃঢ় এবং বৃদ্ধি পাবে।

ফয়সল জহর
সহকারী প্রধান
ফোন: ৯১৮০৭৬৭
E-mail: faisal.erdme@yahoo.com